SYLHET

# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১০ম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব তানিয়া আক্তার,উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ২৪ মার্চ ২০২৫
সময় : সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ২০২৫, ১৫ মার্চ ২০২৫ ইং তারিখ হতে শুরু হয়েছে। এ পর্যন্ত নীল ক্যাপসুল টার্গেট ছিল ৪৩৫৫ অর্জন হয়েছে ৪৩২৯ এবং লাল ক্যাপসুল টার্গেট ছিল ৩৩৯৪০ অর্জন ৩৩৩২০ হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা স্বাস্থ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা জানান, চলমান রমজান মাসে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও দ্রব্যমূল্যের দাম যেন কেহ অস্বাভাবিকভাবে বৃদ্ধি কিংবা কৃত্রিম সংকট তৈরী না করতে পারে এবং বিপনী বিতান ও শপিং মলে কেও যাতে ক্রেতাকে হয়রানি না করে যে জন্য সবাইকে সজাগ থাকতে হবে।<br>সভাপতি,ফল,মাছ এবং শাক-সবজিতে ফরমালিনসহ রাসায়নিক দ্রব্য প্রয়োগ করা হচ্ছে কি না এবং ইফতারিতে কেহ পঁচা/বাসী খাবার বিক্রি করেছে কি-না সে দিকে খেয়াল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | অস্বাভাবিক দাম বৃদ্ধি কিংবা কৃত্রিম সংকট তৈরী করে দ্রব্যমুল্যের দাম বৃদ্ধি এবং ইফতারিতে পঁচা/বাসি খাবার বিক্রয় বন্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে সকল শ্রেণির পাঠ্যবই শিক্ষার্থীদের মাঝে বিতরণ সম্পন্ন হয়েছে। পবিত্র রমজান উপলক্ষ্যে বিদ্যালয়ে পাঠদান বন্ধ রয়েছে বলে সভাকে অবহিত করেন। | প্রাথমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গত ২০-০৩-২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত ২০২৫ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক সাধারণ শিক্ষা স্কুল পর্যায়ে চাহিদা ছিল (৬ষ্ঠ-১০) শ্রেণি পর্যন্ত ৩৯৬৩০০ প্রাপ্ত পাঠ্যপুস্তক,৩৮৫৭০০ মাদ্রাসা পর্যায়ে(১ম-দাখিল) চাহিদা ২১৭৮০০ প্রাপ্ত ১৭৮৩০০। প্রাপ্ত পাঠ্যপুস্তক | মাধ্যমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রাপ্তির সাথে সাথে শিক্ষা প্রতিষ্ঠান সমূয়ে বিতরণ সম্পন্ন করা হয়েছে। | | |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় নিম্নোক্ত প্রকল্প তালিকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>নিম্নে প্রকল্পগুলোর নাম উল্লেখ করা হলো:<br>০১. এডিপি প্রকল্পের আওতায় অত্রাফিসের আনুষাংগিক ব্যয় বাবদ প্রকল্প = ৮১,৭০০/-<br>০২. ৫ নং বড়চতুল ইউনিয়নে ৫ নং ওয়ার্ডের মুক্তাপুর জামাল মিয়ার বাড়ির সম্মুখ হইতে ফারুকের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়নের পরিবর্তে আরএইডি কানাইঘাট দরবস্ত রোড হইতে বড়চতুল হাইস্কুল গামী রাস্তা সিসি করণ প্রকল্প = ২,০০,০০০/-।<br>০৩. ২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের জলিলের দোকানের সামনা হইতে হাসানের বাড়ী পর্যন্ত ইটসলিং করণ প্রকল্প = ১,৫০,০০০/-।<br>০৪. উপজেলা পরিষদের অডিটোরিয়াম উন্নয়ন করণ প্রকল্প = ১,২০,০০০/-। | ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর উপস্থাপিত দাখিলকৃত প্রকল্পগুলো অনুমোদন করা হলো। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, ২০২৪-২০২৫ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে আউশ আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে ৯৭০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বীজ ও সার বিতরণের লক্ষ্যমাত্রা পাওয়া গিয়াছে। শীঘ্রই উক্ত কার্যক্রম বাস্তবায়ন করা হবে।<br>তিনি আরোও জানান,অত্র উপজেলায় পর্যাপ্ত পরিমাণে সার ও বীজ মজুদ রয়েছে। | কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় নদী/খালে বাঁশ/কাটা দিয়ে অথবা বাঁশের তৈরী বান/চাই দ্বারা বাঁধ তৈরী করে নির্বিঘ্নে মাছের চলাচল বন্ধ করে রাখে যা মৎস্য আইনে নিষিদ্ধ। এ বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার অনুরোধ জানান।<br>মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক হাওড় অধ্যুষিত উপজেলায় স্থায়ীভাবে মৎস্য অভয়াশ্রম স্থাপনযোগ্য জলমহাল এর তথ্য প্রেরণ আগামী ২৭-০৩-২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নির্দেশ থাকায় এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরোও জানান, বিগত আগস্ট-২০২৪ মাসের আকস্মিক বন্যায় অত্র উপজেলায় অবকাঠামোসহ মাছ চাষীদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। উক্ত ক্ষয়ক্ষতি | যাতে করে শুষ্ক মৌসুমে বিল/জলাশয়ের পানি সম্পূর্ণ সেচ না করে শুকিয়ে মাছ ধরা বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | মোকাবেলা করে মাছ উৎপাদনের ধারা অব্যাহত রাখতে মাছ চাষীদের মৎস্য খাদ্য সহায়তা প্রদানে শুধুমাত্র ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য "উপজেলা পর্যায়ে মৎস্য চাষী নির্বাচন, মৎস্য খাদ্য ও উপকরণ সংগ্রহ বর্তমানে শুষ্ক মৌসুমে বিল/জলাশয়ের পানি সম্পূর্ণ সেচে মাছ ধরার প্রবণতা বৃদ্ধি পাওয়ার সম্ভবনা। দেশীয় প্রজাতি মাছের বংশ রক্ষার্থে মৎস্য সংরক্ষণ আইনে বিল/জলাশয়ের পানি সম্পূর্ণ সেচে মাছ ধরা নিষিদ্ধ। এ বিষয়ে অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানগণদের সহযোগিতা কামনা করেন। | | |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রয়েছে। | প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্তে অনলাইন আবেদন সময়সীমা ২০-০৪-২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এখনো পর্যন্ত কেউ আবেদন না করে থাকলে কিংবা প্রতিবন্ধী জরিপ না করা হয়ে থাকলে নির্ধারিত সময়ের মধ্যে জরিপ কার্য এবং আবেদন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। | ২০২৪-২০২৫ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্তে অনলাইন আবেদন এখনো পর্যন্ত না করে থাকলে কিংবা প্রতিবন্ধী জরিপ না করা হয়ে থাকলে নির্ধারিত সময়ের মধ্যে জরিপ কার্য এবং আবেদন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,অত্র উপজেলায় টিআর,কাবিটা ও কাবিখা প্রকল্পের ১ম ও ২য় কিস্তির কাজ চলমান রয়েছে। দ্রুত সময়ের ভিতরে কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | টিআর,কাবিটা ও কাবিখা প্রকল্পের ১ম ও ২য় কিস্তির কাজ দ্রুত সময়ের ভিতরে কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান,২০২৫-২০২৬ ভিজিডি চক্রের উপকারভোগী নির্বাচনের আবেদন আগামী ০৬ এপ্রিল থেকে ২৬ এপ্রিল পর্যন্ত অনলাইনে আবেদন চলবে এবং ২৭ এপ্রিল থেকে ১১ মে পর্যন্ত ইউনিয়ন কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে প্রাথমিক তালিকা উপজেলা কমিটিতে প্রেরণ করার জন্য সভায় অনুরোধ জানান। | প্রকৃত উপকারভোগীর আবেদন ইউনিয়ন কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে প্রাথমিক তালিকা উপজেলা কমিটির নিকট প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান, আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে সোনালী ব্যাংক,জনতা ব্যাংকে দায়িত্বরত আনসার সদস্যগণকে আরো অধিকতর সর্তক হয়ে ডিউটি পালনের জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। আগামী ০৯-০৪-২০২৫ খ্রিঃ তারিখ থেকে "ভিডিপি অ্যাডভান্স কোর্সে" ০৮(আট) জন প্রশিক্ষনার্থী সিলেট জেলায় অংশগ্রহণ করবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা আনসার ভিডিপি কর্তৃক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় জানান, অত্র উপজেলার সকল সরকারী - বেসরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | অত্র উপজেলার সকল সরকারী - বেসরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তথ্য আপা প্রকল্পের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা তথ্য আপা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় সমবায় বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা সমবায় কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রম চলমান রয়েছে। | যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, বিগত ২০২৩ ইং সনে রামিজা বালিকা উচ্চ বিদ্যালয় হইতে উপজেলা পরিষদ মোড়,কানাইঘাট পর্যন্ত ১.০ কি মিঃ স্ট্রীপ বাগান এর গাছ নিলাম পূর্বক কর্তন করা হয়। বিগত ফেব্রুয়ারি-২০২৫ সন সম্পূর্ণ রাজস্ব সংগৃহীত হয়। বিধায় বাগানের স্থানীয় উপকারভোগীদের মধ্যে লভ্যাংশ বন্টনের জন্য উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির সভাপতি মহোদয়ের পরামর্শক্রমে আগামী এপ্রিল-২০২৫ ইং মাসের মধ্যে সভাকে "উপজেলা বন ও বন উন্নয়ন কমিটির" নিকট লভ্যাংশ বন্টনের জন্য সুপারিশ প্রেরণ করা হবে। এই প্রথমবার সামাজিক বনায়নের গাছ কর্তন ও লভ্যাংশ বন্টনের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | বন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান,মানব সম্পদ উন্নয়ন গ্রামীন পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৯(নয়)টি ইউনিয়নে টুইনপিট ল্যাট্রিনের কাজ শুরু হয়েছে সকলের সহযোগিতা কামনা করেন। | মানব সম্পদ উন্নয়ন গ্রামীন পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৯(নয়)টি ইউনিয়নে টুইনপিট ল্যাট্রিনের কাজ শুরু হয়েছে উক্ত কাজ তদারকি ও সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণদেরকে অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/ সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আলোচ্যমাসে খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণ চলমান রয়েছে। ওএমএস কর্মসূচিতে ০২(দুই) টি ডিলার পয়েন্ট থেকে প্রতিদিন ১.৫ টন করে মোট ৩ মে.টন চাল প্রতি কেজি ৩০(ত্রিশ) টাকা করে বিক্রয় করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী সঞ্চয় ব্যাংকের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স আলোচ্যমাসে ০২(দুই) টি অগ্নিকাণ্ডে অংশগ্রহণ করে অগ্নি নির্বাপন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড সিলেট সভায় উপস্থিত না থাকার কারনে পানি উন্নয়ন বোর্ড এর কোন অগ্রগতি জানা যায়নি। | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড সিলেটকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | পানি উন্নয়ন বোর্ড সিলেট |
| ২৫ | ইসলামী ফাউন্ডেশন | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন জানান,অত্র উপজেলায় ইসলামী ফাউন্ডেশন কর্তৃক মসজিদ ভিত্তিক শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | ইসলামী ফাউন্ডেশনের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা ফিল্ডসুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট,সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরন করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ৫০ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা টি এবং ০৩ টি মামলা অনিষ্পত্তি ৪৭ টি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানগণদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারন করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদসহ | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২৯ | হাট-বাজার ইজারা সংক্রান্ত | সভাপতি জানান, ১৪৩২ বাংলা সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি দৈনিক উত্তরপূর্ব পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি বাবদ ভ্যাট ও আয়করসহ মোট = ৩১,২৪৮/- (একত্রিশ হাজার দুইশত আটচল্লিশ)টাকার বিল পরিশোধের নিমিত্তে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক নির্বাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |
| ৩০ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে(ক) উপজেলা পরিষদের প্রশাসক মহোদয়ের সম্মানী;(খ) মালি,পরিস্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ;(গ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয়,(ঘ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত করণ বাবদ ২৪,৮২০/-(চব্বিশ হাজার আটশত বিশ)টাকা ব্যয় ও উপজেলা প্রশাসন ভবনের পানির লাইন মেরামত করণ বাবদ ২৪,৬০০/-(চব্বিশ হাজার ছয়শত) টাকা ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

তানিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.২৪(৩৫)

তারিখ: ১০ চৈত্র ১৪৩১ / ২৪ মার্চ ২০২৫

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫। উপজেলা ———————————— কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬। চেয়ারম্যান ———————————— ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭। জনাব ———————————— কানাইঘাট, সিলেট
৮। অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মো: লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নং ঝিংগাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব ডা: সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব বিশ্বজিৎ রায় | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: সফিকুল ইসলাম ভূঁইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মো: জসীম উদ্দিন | প্রতিনিধি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো: আব্দুল আওয়াল | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মো: মোস্তাফিজুর রহমান | প্রতিনিধি উপজেলা প্রকৌশলীর,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মো: রফিকুল ইসলাম তালুকদার | উপজেলা শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব নূর মোহাম্মদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব তাপস চক্রবর্তী | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মো: আলী আক্তার চৌধুরী | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব সিরাজুল ইসলাম ভুইয়া | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোঃ কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব উজ্জ্বল ভট্টাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মো: রমিজুল ইসলাম | প্রতিনিধি উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব অসনী সিংহ | প্রতিনিধি উপজেলা স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মো: ফারুক আহমদ | উপজেলা ইউডিএফ(জাইকা),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব গোলাম কিবরিয়া | উপজেলা ফিল্ড সুপারভাইজার,ইসলামী ফাউন্ডেশন,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মো: নজরুল ইসলাম | উপজেলা কো-অর্ডিনেটর,গ্রাম আদালত প্রকল্প,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-খ

| ক্রমিক নং | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি, কানাইঘাট,সিলেট |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৭ | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড,সিলেট |

CamScanner